

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫২৩৩

আগরতলা, ১৬ মার্চ, ২০২৪

দুদিনব্যাপী রামকৃষ্ণ মেলার উদ্বোধন
রামকৃষ্ণ মিশন রাজ্যে শিক্ষার জগতে গুরুত্বপূর্ণ
ভূমিকা পালন করে আসছে : রাজ্যপাল



রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিড নাল্লু আজ সন্ধিয়ায় বিবেকনগরে রামকৃষ্ণ মঠ ও মিশনে দুদিনব্যাপী রামকৃষ্ণ মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করেছেন। শ্রী শ্রী রামকৃষ্ণ পরমহংস দেবের ১৮৯৩তম জন্মবার্ষিকী উপলক্ষে এই মেলার আয়োজন করা হচ্ছে। মেলার উদ্বোধন করে রাজ্যপাল বলেন, গত তিন দশক ধরে রামকৃষ্ণ মিশন রাজ্যে শিক্ষার জগতে এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। কোনও রকম জাত ধর্ম না দেখেই রামকৃষ্ণ মিশন শিক্ষাদান করে আসছে। রামকৃষ্ণ মিশন বিদ্যালয় রাজ্যের শিক্ষার জগতে একটি অন্যতম মডেল স্কুল হিসেবে চিহ্নিত। অনুষ্ঠানে রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিড নাল্লুকে রামকৃষ্ণ মঠ ও মিশনের পক্ষ থেকে সংবর্ধনা জানানো হয়। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন রামকৃষ্ণ মিশন কামারপুরুরের সম্পাদক লোপাতরণনন্দ মহারাজ, রামকৃষ্ণ মিশন পুরুলিয়া শাখার সম্পাদক স্বামী শিবপারানন্দ, ত্রিপুরা মানবাধিকার কমিশনের চেয়ারপার্সন বিচারপতি এস সি দাস। বিবেকনগর রামকৃষ্ণ মঠ ও মিশনে রাজ্যপাল সারদা দেবী ও স্বামী বিবেকানন্দের প্রতি পুষ্পার্ঘ্য অর্পণ শুদ্ধা জ্ঞাপন করেন।
